শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

মানুষের দুঃখ আরম্ভ

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: M. Maillot; Tammy S.

অনুবাদক: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

ঈশ্বরই সব কিছু সৃষ্টি করেছেন!
সদাপ্রভু প্রথম মানুষ আদমকে নির্মান করলেন। তিনি তাঁর স্ত্রী হবা-কে নিয়ে এদন বাগানে বাস করতে লাগলেন।

ঈশ্বরের বাধ্যতায় সেখানে তাঁরা সত্যিই সুখে ছিল এবং সব সময় ঈশ্বরের সংগে যোগাযোগ সম্বন্ধ ছিল। কিন্তু একদিন ...

শয়তান (সাপ) হবাকে বলল, “ঈশ্বর কি সত্যিই তোমাদের সব গাছের ফল খেতে বারন করেছেন?”

তিনি বললেন,
“একটি গাছ ছাড়া
বাকী সব গাছের ফল
আমরা খেতে পারি। আর
যদি আমরা সেই গাছের
ফল খাই কিংবা স্পর্শও
করি, তাহলে আমাদের
অবশ্যই মরতে হবে।”



শয়তান দুষ্ট হেসে বলল, “তোমরা কিছুতেই মরবেনা।” “তোমরা ঈশ্বরের মতই হয়ে উঠবে।” আর হবার মনে সেই গাছের ফলের প্রতি বাসনা হল। তিনি শয়তানের (সাপের) কথা শুনলেন এবং ফলটি মুখে দিলেন।

হবা ঈশ্বরের অবাধ্য হলেন এবং সেই ফল আদমকেও খেতে দিলেন। আদম বলতে পারতেন, “না না! আমি ঈশ্বরের কথার অবাধ্য হবো না।”

আদম এবং হবা যখন
পাপ করলেন তখন তাঁরা বুঝতে
পারলেন যে তাঁরা দুজনই উলঙ্গ।

তখন

ডুমুর গাছের পাতা

দিয়ে তাঁরা পোশাক তৈরী করলেন, তা দিয়ে তারা তাদের লজ্জা নিবারন করলেন এবং ঈশ্বর যেন দেখতে না পায় সেজন্য ঝোপের মধ্যে লুকিয়ে রইলেন।

একদিন শান্ত-সন্ধ্যা বেলায় ঈশ্বর বাগানে আসলেন। আদম এবং হবার অবাধ্যতার বিষয় তিনি জানতে পারলেন। আদম হবাকে দোষারোপ করলেন আর হবা সাপের উপর দোষ চাপালেন।

সদাপ্রভু বললেন, “এই জন্য সাপ অভিশপ্ত হল। আর স্ত্রীজাতি যন্ত্রনার মধ্য দিয়ে সন্তান প্রসব করবে।”

"আর তিনি আদমকে বললেন তোমার পাপের কারনে মাটি অভিশপ্ত হলো। তোমার জন্য মাটিতে কাঁটাগাছ ও শিয়ালকাঁটা গজাবে। খাবারের জন্য তোমাকে মাথার ঘাম পায়ে ফেলতে হবে।"

সদাপ্রভু
আদম এবং হবাকে স্বর্গেও সেই
সুন্দর বাগান থেকে তাড়িয়ে দিলেন।
কারন তাঁরা পাপ করেছিলেন
এবং ঈশ্বরের দেয়া জীবন থেকে
বিচ্ছিন্ন হয়ে
পড়েছিলেন।

ঈশ্বর তাঁদেরকে তাড়িয়ে দেয়ার জন্য সেখানে একটি জ্বলন্ত তলোয়ার রাখলেন।



সদাপ্রভু আদম এবং হবাকে চামড়ার পোশাক তৈরী করে দিলেন।
তাহলে ঈশ্বর এই চামড়া পেলেন কোথায়?

যথাসময়ে আদম এবং হবার বংশ বৃদ্ধি হলো। তাঁদের প্রথম সন্ড়ান কয়িন জমি চাষ করত। তাঁদেও দ্বিতীয় সন্ড়ান হেবল ভেড়ার পাল চরাত। একদিন কয়িন সদাপ্রভুর কাছে তার জমির ফসল এনে উৎসর্গ করল।

হেবলও তার পাল থেকে প্রথমে জন্মেছে এমন কয়েকটা উত্তম ভেড়া এনে সদাপ্রভুর নিকট উৎসর্গ করল। সদাপ্রভু হেবল ও তার দান গ্রহন করলেন।

সদাপ্রভু কয়িন ও তার দান গ্রহন করলেন না। এতে কয়িনের খুব রাগ হলো। সেই অবস্থা দেখে সদাপ্রভু কয়িনকে বললেন, “যদি তুমি ভাল কাজ কর, তাহলে কি তোমাকে গ্রহন করা হবে না?”

কয়িনের রাগ কমল না। একদিন সে তার ভাই হেবলকে আক্রমণ করল এবং তাকে মেরে ফেলল।

সদাপ্রভু কয়িনকে বললেন, “তোমার ভাই হেবল কোথায়?” কয়িন বলল, “আমি জানিনা। আমার ভাইয়ের দেখাশোনার দায়িত্ব কি আমার?”

ঈশ্বর শাস্তিস্বরূপ কয়িনের কাছ থেকে জমি চাষ করার সমস্ত ক্ষমতা কেড়ে নিলেন এবং তাকে পালিয়ে বেড়াতে হলো।

কয়িন সদাপ্রভুর কাছ থেকে দূরে চলে গেল। আদম এবং হবার ঘরে জন্ম নেওয়া এক কন্যার সংগে তার বিয়ে হল। পরে তাদের

বংশ বৃদ্ধি পেতে লাগল।

অতি অল্প সময়ে কয়িনের নাতি-নাতনী এবং
তাদের সন্তান-সন্ততির বংশধরেরা
তার তৈরী শহর পরিপূর্ণ করে তুলল।



আদম এবং হবার বংশ খুব তাড়াতাড়ি বৃদ্ধি পেতে লাগল । তখনকার দিনের মানুষেরা আজকের দিনের চেয়ে অনেক দিন বেশী বেঁচে থাকত ।

শেথের জন্ম হবার পর হবা বললেন,
“হেবলের পরিবর্তে সদাপ্রভু শেথকে
আমার কোলে দিয়েছেন।”

শেথ খুব ধার্মিক ছিলেন। তিনি ৯১২ বছর বেঁচেছিলেন এবং তাঁর অনেক সন্তান-সন্তুতি ছিল।

মানুষ যখন পৃথিবীর উপর
তাদের সংখ্যা বাড়িয়ে চলল
তখন তাদের মধ্যে দুষ্টতাও বৃদ্ধি
পেতে লাগল।

অবশেষে, ঈশ্বর গোটা মানব জাতিকে ধ্বংস করার সিদ্ধান্ত নিলেন এবং ...

...... সমস্ত পশু এবং পাখী। মানুষ সৃষ্টির কারনে সদাপ্রভুর মন কষ্টে ভরে গেল।
কিন্তু একজন মানুষের উপর সদাপ্রভু সন্তুষ্ট রইলেন...

এই মানুষটি হলো নোহ। শেথের বংশধর নোহ
একজন সৎ ও খাঁটি লোক ছিলেন।
ঈশ্বরের সংগে তাঁর সুন্দর
যোগাযোগ-সম্বন্ধ
ছিল।

তিনি তাঁর তিনটি সন্তানকেই সদাপ্রভুর বাধ্যতায়
জীবন যাপনের শিক্ষা দেন। আর সদাপ্রভু
নোহকে বিশেষভাবে তাঁর পরিকল্পনা
বাস্তবায়নের জন্য ব্যবহার
করতে চাইলেন!

মানুষের দুঃখ আরম্ভ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ৩-৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬